# মূল বইয়ের অতিরিক্ত অংশ

## ত্রয়োদশ অধ্যায়: সত্তরের নির্বাচন এবং মুক্তিযুদ্ধ

### পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** ২০০৮ সালের জাতীয় নির্বাচনে আওয়ামী লীগ বিপুল ভোটে জয়ী হয়ে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। জোটবদ্ধ হয়ে নির্বাচন করলেও এককভাবেই তারা সরকার গঠনের প্রয়োজনীয় আসনে জয়লাভ করে। আওয়ামী লীগের এই জনসমর্থন দেখে রিন্টুর বাবা বললেন, পাকিস্তান আমলেও এ দলটি একটি নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। তবে ষড়যন্ত্রকারীদের বিশ্বাসঘাতকতায় তখন সরকার গঠন করতে পারেনি। তবে এ নির্বাচন আমাদের বিজয় ছিনিয়ে আনায় অনুপ্রেরণা দেয়। *◀ শিখনফল-১*

ক. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় কত তারিখে? ১

খ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে মওলানা আবদুল হামিদ খান ভাসানীর অবদান ব্যাখ্যা কর। ২

গ. রিন্টুর বাবা অতীতের কোন নির্বাচনের কথা মনে করলেন? উক্ত নির্বাচনের জাতীয় প্রদেশিক পরিষদের আসন বণ্টন ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত নির্বাচনে একাধিক রাজনৈতিক দল অংশগ্রহণ করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল।

**খ** বাংলাদেশের স্বাধীনতা অর্জনে মওলানা আবদুল হামিদ খান ভাসানীর অবদান ছিল অনস্বীকার্য। তিনি আগরতলা মামলা থেকে বঙ্গবন্ধুর মুক্তির ব্যাপারে গড়ে ওঠা আন্দোলন ও ৬৯ এর গণ-অভ্যুত্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। মুক্তিযুদ্ধের সময় ভারতে অবস্থান করে বিভিন্ন দেশের প্রতি বাংলাদেশের সমর্থন দান ও পাশে দাঁড়ানোর আহ্বান জানান।

**গ** রিন্টুর বাবা ১৯৭০ সালের নির্বাচনে কথা মনে করলেন।

ইয়াহিয়া খানের ১৯৭০ সালের ২৮ মার্চ জাতির উদ্দেশে দেওয়া ভাষণ অনুযায়ী পূর্ব পাকিস্তানে জাতীয় পরিষদের সাধারণ সদস্য হবে ১৬২ ও মহিলা সদস্য হবে ৭ জন এবং প্রাদেশিক পরিষদে সাধারণ সদস্য হবে ৩০০ ও মহিলা সদস্য হবে ১০ জন। সিন্ধুতে জাতীয় পরিষদে সাধারণ সদস্য হবে ২৭ জন ও মহিলা ১ জন এবং প্রাদেশিক পরিষদে সাধারণ সদস্য হবে ৬০ জন ও মহিলা সদস্য ২ জন। উত্তর-পশ্চিম সীমান্তে জাতীয় পরিষদে সাধারণ সদস্য ১৮ জন ও মহিলা ১ জন এবং প্রাদেশিক পরিষদে সাধারণ ৪০ ও মহিলা ২ জন। বেলুচিস্তানের জাতীয় পরিষদে সাধারণ সদস্য হবে ৪ ও মহিলা ১ জন এবং প্রাদেশিক পরিষদে সাধারণ সদস্য ২০ জন ও মহিলা ১ জন। আর কেন্দ্রীয় শাসিত উপজাতীয় এলাকায় জাতীয় পরিষদে সাধারণ সদস্য হবে ৩ জন। ২০০৮ সালের নির্বাচনের মতো এ নির্বাচনেও আওয়ামীলীগ নিরঙ্কুশ বিজয় লাভ করে। সুতরাং বলা যায়, রিন্টুর বাবা ১৯৭০ সালের নির্বাচনের কথাই মনে করেছেন।

**ঘ** রিন্টুর বাবার মনে পড়া নির্বাচন তথা ১৯৭০ সালের নির্বাচনে একাধিক রাজনৈতিক দল অংশগ্রহণ করে বলে আমি মনে করি।

১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগপন্থি দলগুলো আওয়ামী লীগের সঙ্গে জোটবদ্ধ হয়ে নির্বাচন করতে ইচ্ছা প্রকাশ করলেও দলীয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এককভাবে নির্বাচনের ঘোষণা দেন। ফলে ১৯৭০ সালের নির্বাচনে রাজনৈতিক দলগুলো পৃথকভাবে প্রার্থী মনোনীত করে। মোট ৭৮১ জন প্রার্থী নির্বাচনে অংশ নেয়। জাতীয় পরিষদে আওয়ামী লীগের ছিল ১৬২ জন প্রার্থী এবং তাদের নির্বাচনি প্রতীক ছিল নৌকা। নির্বাচনে অংশগ্রহণকারী অন্যান্য রাজনৈতিক দলগুলোর মধ্যে ছিল নিখিল পাকিস্তান কেন্দ্রীয় জমিয়াতুল উলেমা ও নেজামে ইসলামী (৪৫), ইসলামী গণতন্ত্রী দল (৫), জামায়াতে ইসলামী পাকিস্তান (৬৯)। এছাড়াও ছিল পাকিস্তান ডেমোক্রেট পার্টি (৮১) ও পাকিস্তান মুসলীম লীগ (কনভেনশন-৯৩)। তাছাড়া রাজনৈতিক দলগুলোর মধ্যে আরও ছিল পাকিস্তান মুসলীম লীগ (কাউন্সিল-৫০) ও পাকিস্তান মুসলীম লীগ (কাইয়ুম-৬৫) প্রভৃতি।

পরিশেষে বলা যায় যে, ১৯৭০ সালের নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দল তাদের নিজস্ব মতাদর্শ নিয়ে অংশগ্রহণ করেছিল।

**প্রশ্ন ▶২** ড. অভিজিৎ রায় তার একটি প্রবন্ধে লিখেছেন-

"৬ মার্চ সন্ধ্যা এলেই ৭ মার্চের ভাবনাগুলো আমার মনে, চিন্তা-চেতনায় আনাগোনা করতে থাকে। চৌত্রিশ বছর আগের সে দিনটি ধোঁয়াশা-আচ্ছন্নতা থেকে ক্রমশ স্পষ্টতর হতে থাকে। কানে যেন স্পষ্ট ধ্বনিত হতে থাকে সেই সম্মোহনকারী কবিতার বাণী এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম। আমার পরম সৌভাগ্য যে জাতির ঐ ঐতিহাসিক মুহূর্তটিতে লক্ষ জনতার সঙ্গে আমিও একীভূত হয়ে ঐ কবিতা শুনেছিলাম। কী মর্মস্পর্শী সেই কবিতার বাণী!" *◀ শিখনফল-২*

ক. 'অপারেশন সার্চ লাইট' পরিচালিত হয় কবে? ১

খ. ১৯৭০ সালের নির্বাচন পরবর্তী সময়ে পূর্ব পাকিস্তানের সাধারণ মানুষ বিক্ষোভে ফেটে পড়ে কেন? ২

গ. ড. অভিজিৎ রায়ের প্রবন্ধে কোন ঘটনার ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. কী মর্মস্পর্শী সেই কবিতার বাণী- উদ্দীপকের এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**২নং প্রশ্নের উত্তর**

**ক** 'অপারেশন সার্চ লাইট' পরিচালিত হয় ১৯৭১ সালের ২৫ মার্চ।

**খ** ১৯৭০ সালের নির্বাচনে জাতীয় ও প্রাদেশিক পরিষদে আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। কিন্তু পাকিস্তানের সামরিক শাসক ইয়াহিয়া আওয়ামী লীগের হাতে ক্ষমতা হস্তান্তরে গড়িমসি আরম্ভ করে। তার উদ্দেশ্য সাধনে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা করলে পূর্ব পাকিস্তানের ছাত্র, শ্রমিক, সরকারি বেসরকারি কর্মকর্তা কর্মচারী তথা সাধারণ মানুষ বিক্ষোভে ফেটে পড়ে।

**গ** উদ্দীপকে ড. অভিজিৎ রায়ের প্রবন্ধে ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণের ইঙ্গিত পাওয়া যায়।

১৯৭১ সালের ৭ মার্চে রেসকোর্স ময়দানে লক্ষ লক্ষ জনতার সামনে বঙ্গবন্ধু তার ঐতিহাসিক ভাষণ প্রদান করেন। এ ভাষণে তিনি চলমান সামরিক আইন প্রত্যাহার ও সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নেওয়ার কথা বলেন। এছাড়াও তিনি এ ভাষণে গণহত্যার তদন্ত এবং নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের কথা বলেন। এ ভাষণে তিনি পরোক্ষভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন। তিনি এ ভাষণে বলেছিলেন, "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম।"

উদ্দীপকে আমরা লক্ষ করি যে, ড. অভিজিৎ রায় তার একটি প্রবন্ধে লিখেছেন যে, "৬ মার্চ সন্ধ্যা এলেই ৭ মার্চের ভাবনাগুলো আমার মনে পড়ে। চৌত্রিশ বছর আগের সেদিনের সম্মোহনকারী কবিতার বাণী এবারের সংগ্রাম মুক্তি সংগ্রাম আমার কানে স্পষ্ট আসে।" এ বিষয়গুলোর সাথে ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণের মিল বিদ্যমান।

**ঘ** উদ্দীপকে ড. অভিজিৎ রায়ের প্রবন্ধে লেখা 'কী মর্মস্পর্শী সেই কবিতার বাণী' এই বক্তব্যের মাধ্যমে ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণের তাৎপর্য ও মহত্ত্ব তুলে ধরা হয়েছে।

ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ আমাদের স্বাধীনতা সংগ্রামে ব্যাপক প্রভাব ফেলেছিল। এ ভাষণের পরদিন সারাদেশে ব্যাপক আন্দোলন শুরু হয়। বঙ্গবন্ধুর নির্দেশ দেশের অফিস-আদালত, কল-কারখানা, স্কুল-কলেজ বন্ধ হয়ে যায়। খাজনা ও ট্যাক্স বন্ধ হয়ে যায়। টিক্কা খান পূর্ব পাকিস্তানের গভর্নর ১০ মার্চ সামরিক শাসন জারি করে সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মস্থলে যোগ দেওয়ার নির্দেশ দেন। তবে এর পরও আন্দোলন চলতে থাকলে ১৩ মার্চ পুনরায় সামরিক শাসন জারি করেন। ১৪ মার্চ জুলফিকার আলী ভুট্টোর সংখ্যাগরিষ্ঠ সরকারের কাছে ক্ষমতা ছেড়ে দেওয়ার এক প্রস্তাব প্রত্যাখ্যান করে বঙ্গবন্ধু ৩৫ দফা দাবিনামা জারি করেন এবং জনগণকে আন্দোলন চালিয়ে যাওয়ার নির্দেশ দেন। সমস্যা সমাধানের আলোচনা করতে এসে আলোচনা অসমাপ্ত রেখে গোপনে ইয়াহিয়া খান ২৫ মার্চ ঢাকা ত্যাগ করেন। ইয়াহিয়া খানের দিয়ে যাওয়া এক আদেশ অনুসারে পাক বাহিনী সেদিন রাতে বহু বাঙালিকে নির্বিচারে হত্যা করে। আর এ হত্যাকাণ্ডের প্রতিবাদ হিসেবে শুরু হয় আমাদের মুক্তির সংগ্রাম। আর তারপর আসে আমাদের স্বাধীনতা।

পরিশেষে বলা যায় যে, ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণের মাঝেই আমাদের স্বাধীনতা সংগ্রামের নির্দেশনা নিহিত ছিল। আর এ কারণেই কী মর্মস্পর্শী সেই কবিতার বাণী– উদ্দীপকের এ উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶৩** ৭ এপ্রিল ১৯৭১। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে দিনটি স্মরণীয়। এদিন 'দৈনিক বাংলাদেশ' নামে একটি সংবাদপত্রের প্রকাশ ঘটে। স্থানীয় সুলেখা প্রেস থেকে ১/৮ ডিমাই সাইজের ৪ পৃষ্ঠার ৫০০ কপি পত্রিকা ছাপানো হয়। মূল্য ছিল ১০ পয়সা। পত্রিকাটির গ্রহণযোগ্যতা ছিল বর্ণনাতীত। স্বাধীন বাংলাদেশের এটিই প্রথম দৈনিক সংবাদপত্র। তথাপি, মুক্তিযুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী, বিভিন্ন সংস্কৃতি কর্মীর অবদান ছিল খুবই প্রশংসনীয়। ◀ *শিখনফল-৫*

ক. 'শিখা চিরন্তন' স্থাপিত হয় কত সালে? ১
খ. আইনগত কাঠামো আদেশে সংবিধানের মূলনীতি তুলে ধর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিযুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী-সাহিত্যিক বুদ্ধিজীবী, বিভিন্ন সংস্কৃতিকর্মীর অবদান ছিল খুব প্রশংসনীয়— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** 'শিখা চিরন্তন' স্থাপিত হয় ১৯৯৭ সালের ২৬ মার্চ।

**খ** আইনগত কাঠামো আদেশের নীতিগুলো হলো:
ক. ফেডারেল পদ্ধতির সরকার।
খ. ইসলামি আদর্শ হবে রাষ্ট্রের ভিত্তি।
গ. প্রাপ্তবয়স্কদের ভোটে প্রত্যক্ষ নির্বাচনে জনসংখ্যার অনুপাতে প্রতিনিধিরা নির্বাচিত হবেন।
ঘ. মৌলিক অধিকার নিশ্চিত করতে হবে।
ঙ. নির্দিষ্ট সময়ের মধ্যে সকল প্রকার বৈষম্য দূর করতে হবে।
চ. বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করতে হবে।

**গ** উদ্দীপকে বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকার কথা বলা হয়েছে।

বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ছিল অপরিসীম। সংবাদপত্র ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্র এ ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করে। ২৬ মার্চ চট্টগ্রাম বেতারের শিল্পী এ সংস্কৃতিকর্মীরা স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু করেন। পরে এটি মুজিবনগর সরকারের তত্ত্বাবধানে পরিচালিত হয়। স্বাধীনবাংলা বেতার কেন্দ্র থেকে সংবাদ, দেশাত্ববোধক গান, মুক্তিযোদ্ধাদের বীরত্বগাঁথা, রণাঙ্গনের নানা ঘটনা ইত্যাদি দেশ ও জাতির সামনে তুলে ধরে সাধারণ মানুষকে যুদ্ধে অংশগ্রহণের লক্ষ্যে অনুপ্রাণিত করে। এছাড়া মুজিবনগর সরকারের প্রচার সেলের তত্ত্বাবধানে প্রকাশিত পত্রিকা মুক্তিযুদ্ধে বিশিষ্ট ভূমিকা পালন করে।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের অন্যতম প্রধান ভূমিকা পালন করেছিল গণমাধ্যম।

**ঘ** মুক্তিযুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী, সাহিত্যিক বুদ্ধিজীবী, বিভিন্ন সংস্কৃতিকর্মীর অবদান ছিল খুবই প্রশংসনীয়।

১৯৭১ সালের মুক্তিযুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী-সাহিত্যিক, বুদ্ধিজীবী ও বিভিন্ন সংস্কৃতিকর্মী ব্যাপক ভূমিকা রেখেছিল। পত্র-পত্রিকায় লেখা, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের খবর, মুক্তিযুদ্ধভিত্তিক গান, দেশাত্মবোধক গান, কবিতা পাঠ, নাটক, কথিকা ইত্যাদি মুক্তিযুদ্ধকে এগিয়ে নিতে সাহায্য করে। এম আর আখতার মুকুলের অত্যন্ত জনপ্রিয় 'চরমপত্র' অনুষ্ঠান এবং 'জল্লাদের দরবার' ইত্যাদি মুক্তিযুদ্ধকে এগিয়ে নিতে সহায়তা করে। এগুলো রণক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের মানসিক ও নৈতিক বল ধরে রাখতে সহায়তা করেছে। আর মুক্তিযোদ্ধাদের জুগিয়েছে সাহস। এই ভূমিকার কারণেই সুরকার আলতাফ মাহমুদ, সাংবাদিক সিরাজুদ্দীন হোসেন, সেলিনা পারভীন, চিকিৎসক ডা. ফজলে রাব্বি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক গিয়াসউদ্দিন আহমদসহ অগণিত গুণীজনকে হত্যা করেছে পাকিস্তানি বাহিনী।

পরিশেষে বলা যায় যে, শিল্পী-সাহিত্যিক ও বুদ্ধিজীবীরা নিজের জীবন বিপন্ন করে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে ভূমিকা পালন করেছিলেন।

## প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৪** মেডিকেল কলেজে নম্বরের ভিত্তিতে ভর্তির প্রতিবাদে সারাদেশের মেডিকেল ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা এক প্রতিবাদ সভার আয়োজন করে। রাজু ভাস্কর্যের সামনে এই প্রতিবাদ সমাবেশে ভাষণ দেন পিয়াল আহমেদ। পিয়াল আহমেদের বক্তব্য শুনে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের আন্দোলন আরও বেগবান হয়। সমাবেশ থেকে প্রতীকী অনশনসহ আরও বিভিন্ন কর্মসূচির ঘোষণা দেওয়া হয়। পরবর্তীতে কর্তৃপক্ষ তাদের বিগত অবস্থান থেকে সরে এসে পরীক্ষার মাধ্যমে ভর্তি করার সিদ্ধান্ত নেওয়া হয়। ◀ *শিখনফল-২*

ক. কার নেতৃত্বে ১৯৬৯ সালের নির্বাচন কমিশন গঠিত হয়? ১
খ. মুক্তিযুদ্ধে কৃষকদের অবদান ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পিয়াল আহমেদের ভাষণের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন রাজনৈতিক নেতার ভাষণের সাদৃশ্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নেতার ভাষণের পর থেকেই সারাদেশে ব্যাপক আন্দোলন শুরু হয়-বিশ্লেষণ কর। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** বিচারপতি আব্দুস সাত্তারের নেতৃত্বে ১৯৬৯ সালের নির্বাচন কমিশন গঠিত হয়।

**খ** মুক্তিযুদ্ধে কৃষকদের অবদান ছিল অত্যন্ত গৌরবময়। স্বাধীনতা লাভের জন্য তারা যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত ছিলেন। শত্রুর বিরুদ্ধে পরিচালিত প্রতিটি আক্রমণে তারা ছিলেন নিবেদিত প্রাণ। ব্যক্তিগত লাভ-ক্ষতির হিসাব তাদের কাছে গুরুত্ব পায়নি। তাদের একটাই লক্ষ্য ছিল যেকোনো মূল্যে স্বাধীনতা অর্জন করতে হবে।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণ ব্যাখ্যা কর।

**ঘ** ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণের তাৎপর্য মূল্যায়ন কর।

**প্রশ্ন ▶৫** বিশিষ্ট সাংবাদিক শুভাষ সরকার মুক্তিযুদ্ধবিষয়ক এক সেমিনারে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে পার্শ্ববর্তী একটি দেশের সহায়তার কথা তুলে ধরেন। যে দেশের সরকার এবং জনগণ আমাদের দেশের লক্ষ লক্ষ শরণার্থীকে আশ্রয়, খাদ্য, বস্ত্র, চিকিৎসা মুক্তিযোদ্ধাদের অস্ত্রশস্ত্র এবং প্রশিক্ষণ দিয়ে সাহায্য করেছিল। এ প্রসঙ্গে কথা বলতে গিয়ে তিনি আরও বলেন, মুক্তিযুদ্ধে সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক রাষ্ট্রের ভূমিকা ছিল উল্লেখযোগ্য। *◀ শিখনফল-৫*

ক. জাতীয় পতাকার বৃত্তের নাল রং কীসের প্রতীক? ১

খ. বাংলাদেশের ইতিহাসে ২৫ মার্চ কালরাত নামে পরিচিত কেন? ২

গ. উদ্দীপকে সাংবাদিক শুভাষ সরকার বাংলাদেশের মুক্তিযুদ্ধে পার্শ্ববর্তী কোন দেশের সহায়তার কথা তুলে ধরেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুক্তিযুদ্ধে সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক রাষ্ট্রের ভূমিকা ছিল উল্লেখযোগ্য— সাংবাদিক কৈলাস সরকারের এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** জাতীয় পতাকার বৃত্তের লাল রং মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী শহিদদের রক্তের প্রতীক।

**খ** বাংলাদেশের ইতিহাসে ২৫ মার্চ কালরাত নামে পরিচিত। কারণ এ রাতে পাকিস্তান সেনাবাহিনী নিরীহ বাঙালির ওপর গণহত্যা চালায়। টিক্কা খান ও রাও ফরমান আলী বাঙালির ওপর নৃশংস হত্যাকাণ্ড পরিচালনার নীল নকশা তৈরি করে। এই নীল নকশা অনুযায়ী স্বাধীনতাকামী সাধারণ জনগণের ওপর নির্বিচারে হত্যাযজ্ঞ চালায়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের ভূমিকা বর্ণনা কর।

**ঘ** বাংলাদেশের মুক্তিযুদ্ধে সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক রাষ্ট্রের ভূমিকা মূল্যায়ন কর।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৬** সাতজন মানুষ, সাতটি রাইফেল-এই সামান্য শক্তি নিয়ে ওদের সঙ্গে মোকাবিলা করতে যাওয়াটা কি ঠিক? যোদ্ধাদের মধ্যে একজন এ প্রশ্নটা তুলেছিলেন। কথাটা মিথ্যা নয় এটা একটা দুঃসাহসের কাজ হবে। গর্জে উঠলেন সুবেদার লুৎফর রহমান, "যে ভাবেই হোক এদের প্রতিরোধ করতেই হবে। ওরা আমাদের রক্ত নিয়েছে, তার বিনিময়ে ওদের কিছুটা রক্ত দিতে হবে। জীবন দিয়ে হলেও এদেশকে শত্রুমুক্ত করবো।" *◀ শিখনফল-১*

ক. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে? ১

খ. ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন যুদ্ধের ইঙ্গিত দেওয়া হয়েছে? উক্ত যুদ্ধ কীভাবে পরিচালিত হয়েছিল পাঠ্যবইয়ের আলোকে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্তযুদ্ধের তৎকালীন বিভিন্ন রাজনৈতিক সংগঠনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন ▶৭** মার্কিন কূটনৈতিক শায়লা ক্র্যাম। তালেবানের হামলার শিকার মালালা ইউসুফ জাইয়ের জন্য তিনি একটি গান গেয়েছেন। ক্র্যাম জীবনের ঝুঁকি নিয়ে আল কায়দা ও তালেবান জঙ্গিদের শক্ত ঘাঁটি পাকিস্তানের উত্তরাঞ্চলে উপজাতিদের মাঝে গিয়ে পশতু ভাষায় গান গেয়ে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানায়। ১৯৭১ সালে বাংলাদেশের নারীরাও মুক্তিযোদ্ধাদের আশ্রয় দিয়ে, জীবনের ঝুঁকি নিয়ে অস্ত্র লুকিয়ে রেখে, সেবা দিয়ে নানাভাবে সহায়তা করেন। তবে এটা ঠিক মুক্তিযোদ্ধাদের মধ্যে সংখ্যায় সবচেয়ে বেশি ছিল ছাত্র।

*◀ শিখনফল-৫ [দি বাডস্ রেসিডেনসিয়াল মডেল কলেজ, মৌলভীবাজার]*

ক. 'অপরাজের বাংলা' নির্মাণ করেন কে? ১

খ. মুজিবনগর স্মৃতিসৌধের নির্মাণের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. শায়লা ক্র্যাম যেন বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদান পালনকারীদের প্রতিনিধি- ব্যাখ্যা কর। ৩

ঘ. মুক্তিযোদ্ধাদের মধ্যে সংখ্যায় সবচেয়ে বেশি ছিল ছাত্র- উদ্দীপকের এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. ১৯৭০ সালের ৩ মার্চের সমাবেশে ছাত্রলীগ কয়দফা কর্মসূচি ঘোষণা করে?**
ক ৫ খ ৬
গ ৭ ঘ ৮

**২. ১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে কেন্দ্র শাসিত উপজাতি এলাকার মোট আসন সংখ্যা ছিল কতটি?**
ক ৬ খ ৭
গ ৮ ঘ ৯

**৩. প্রাপ্তবয়স্কদের প্রত্যক্ষ ভোটে নির্বাচন হবে। এটি আইনগত কাঠামো আদেশের কত নং ধারায় বলা হয়?**
ক ৫ খ ১০
গ ১৫ ঘ ২০

**৪. বিচারপতি আব্দুস সাত্তার কোথাকার বিচারপতি ছিলেন?**
ক ম্যাজিস্ট্রেট কোর্ট খ সুপ্রিম কোর্ট
গ জজকোর্ট ঘ সাধারণ কোর্ট

**৫. ১৯৭০ সালের ১ মার্চ জাতীয় পরিষদের অধিবেশন ইয়াহিয়া কার প্ররোচনায় স্থগিত করেন?**
ক আইয়ুব খান
খ জুলফিকার আলী ভুট্টো
গ মোনায়েম খান
ঘ নূরুল আমিন সরকার

**৬. ২ মার্চ ১৯৭০ সালে দেশব্যাপী ধর্মঘট আহ্বান করেন কারা?**
ক সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ
খ গণতান্ত্রিক সংগ্রাম পরিষদ
গ স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ
ঘ ছাত্র সংগ্রাম পরিষদ

**৭. ১৯৪৭ সালের পর থেকে বাঙালি জাতি স্বাতন্ত্র্য দাবি করে—**
i. ভাষায়
ii. সাহিত্যে
iii. সংস্কৃতিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. বঙ্গবন্ধু ৩৫ দফাভিত্তিক দাবিনামা জারি করেন কত তারিখে?**
ক ১১ মার্চ খ ১২ মার্চ
গ ১৩ মার্চ ঘ ১৪ মার্চ

**৯. ৭ মার্চের পরবর্তী সময়ে ইয়াহিয়া খান কাকে পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োগ করেন?**
ক মোনায়েম খানকে
খ টিক্কা খানকে
গ নুরুল আমিন সরকারকে
ঘ নাজিম উদ্দীনকে

**১০. অবস্থার গভীরতা উপলব্ধি করে ইয়াহিয়া খান কত তারিখে ঢাকা সফরে আসেন?**
ক ১৪ মার্চ ১৯৭১ খ ১৫ মার্চ ১৯৭১
গ ১৬ মার্চ ১৯৭১ ঘ ১৭ মার্চ ১৯৭১

**১১. পাকবাহিনী ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে আক্রমণ শুরু করে কখন?**
ক গভীর রাতে খ সকালে
গ বিকালে ঘ সন্ধ্যায়

**১২. বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণাটি এম.এ. হান্নান কত তারিখে দু'বার প্রচার করেন?**
ক ২৬ মার্চ খ ২৭ মার্চ
গ ২৮ মার্চ ঘ ২৯ মার্চ

**১৩. ২৫ মার্চে পাক বাহিনী হামলা চালায়—**
i. কাঁঠালবাগান
ii. মিরপুর
iii. ইন্দিরা রোড
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. স্বাধীনতার ঘোষণা বাংলাদেশের সকল স্থানে প্রচার করা হয়—**
i. টেলিগ্রামের মাধ্যমে
ii. টেলিপ্রিন্টারের মাধ্যমে
iii. ইপিআর-এর ট্রান্সমিটারের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. শপথ গ্রহণের কতক্ষণ পর পাক বাহিনী মুজিবনগরে বোমা বর্ষণ করে?**
ক ১ ঘণ্টা খ ২ ঘণ্টা
গ ৩ ঘণ্টা ঘ ৪ ঘণ্টা

**১৬. মুজিবনগর সরকার কলকাতার কত নং থিয়েটার রোডে স্থানান্তরিত করা হয়?**
ক ৭ খ ৮
গ ৯ ঘ ১০

**১৭. মুজিবনগর সরকারের অন্তর্ভুক্ত হয়েছিলেন কারা?**
ক আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ
খ ছাত্রলীগের উদীয়মান নেতৃবৃন্দ
গ ৭০ সালের নির্বাচনে বিজয়ী সদস্যবৃন্দ
ঘ সর্বদলীয় জোটের নেতৃবৃন্দ

**১৮. প্রতিটি সেক্টরের নিয়মিত সেনা, গেরিলা ও সাধারণ যোদ্ধাদের কী বলা হতো?**
ক মুক্তিফৌজ খ মুক্তিকামী
গ ইপিআর ঘ নিয়মিত বাহিনী

**১৯. মুজিবনগর সরকারের গড়ে তোলা বিভিন্ন সেক্টর ও সাব-সেক্টরে যোগদান করে বাঙালি—**
i. সেনা কর্মকর্তা
ii. ইপিআর
iii. পুলিশ, নৌ ও বিমানবাহিনীর সদস্যগণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. মুজিবনগর সরকারের প্রতিটি সেক্টরেই ছিল নিয়মিত—**
i. সেনা
ii. গেরিলা
iii. সাধারণ যোদ্ধা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. ২৫ মার্চ রাতে গুলিবিদ্ধ হয়ে পরবর্তীতে মারা যান কোন বুদ্ধিজীবী?**
ক ড. গোবিন্দ চন্দ্র দেব
খ ড. মুনীরুজ্জামান
গ ড. জ্যোতির্ময় গুহঠাকুরতা
ঘ অধ্যাপক মুনীর চৌধুরী

**২২. হিন্দুদের প্রতি পাকিস্তানি সেনাবাহিনীর সবচেয়ে বেশি নির্যাতনের কারণ কী?**
ক তারা বেনামাজি ও বেঈমান
খ ভারত তাদের সাহায্য করে এই অন্ধ বিশ্বাস
গ তারা পূর্ব পাকিস্তানকে স্বাধীন করতে চায়
ঘ তারা মুসলমানদের বড় শত্রু

**২৩. রাজাকারদের ট্রেনিং দিতো কারা?**
ক আল বদর বাহিনী খ পাকিস্তান সেনাবাহিনী
গ আল শামস বাহিনী ঘ আনসার বাহিনী

**২৪. ছাত্ররা যুদ্ধের প্রশিক্ষণের জন্য সীমান্ত পাড়ি দিয়ে কোথায় গিয়েছিল?**
ক মায়ানমারে খ শ্রীলঙ্কায়
গ নেপালে ঘ ভারতে

**২৫. পাকিস্তানিরা হত্যা করে—**
i. সেলিনা পারভীনকে
ii. সুরকার আলতাফ মাহমুদকে
iii. সাংবাদিক সিরাজুদ্দীন হোসেনকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. যুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে খুবই প্রশংসনীয়—**
i. শিল্পী-সাহিত্যিকরা
ii. বুদ্ধিজীবীরা
iii. সংস্কৃতিকর্মীরা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আরিশা বিদ্যালয়ের বার্ষিক শিক্ষা সফরে মেহেরপুরের বৈদ্যনাথ তলার ভবের পাড়ায় গিয়ে জানতে পারল যে, এখানে একটি সরকার গঠিত হয়েছিল এবং এই সরকার মুক্তিযুদ্ধ পরিচালনায় নেতৃত্ব দিয়েছিল।

**২৭. আরিশা কোন সরকার ব্যবস্থা সম্পর্কে জানতে পারল?**
ক তাজউদ্দীন আহমেদ
খ স্বাধীন বাংলাদেশের সরকার
গ মুজিবনগর সরকার
ঘ মেহেরপুর সরকার

**২৮. উদ্দীপকে যে সরকার ব্যবস্থার কথা বলা হয়েছে তার রাষ্ট্রপতি কে ছিলেন?**
ক সৈয়দ নজরুল ইসলাম
খ এম মনসুর আলী
গ তাজউদ্দীন আহমেদ
ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
জাকিরের দাদা জাতীয় পরিষদের সদস্য ছিলেন। তার দল জাতীয় ও প্রাদেশিক পরিষদে বিপুল ভোটে জয়ী হওয়া সত্ত্বেও শাসক দল ক্ষমতা হস্তান্তরে কালক্ষেপণ করেন।

**২৯. উদ্দীপকে স্বাধীনতার পর কোন নির্বাচনের ইঙ্গিত করা হয়েছে?**
ক ১৯৪৭ সালের খ ১৯৫৬ সালের
গ ১৯৭০ সালের ঘ ১৯৭৬ সালের

**৩০. বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি হিসেবে কোনটি অধিক যুক্তিযুক্ত?**
ক সাম্প্রদায়িক চেতনা
খ অসাম্প্রদায়িক চেতনা
গ ধর্মীয় চেতনা
ঘ বাঙালি চেতনা

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০**

**১.▶** দৃশ্যপট-১: জুঁই টিভিতে বিদেশি চ্যানেল দেখছিল। ইতোমধ্যে কক্ষে তার নানা প্রবেশ করে এবং তিনি বাংলা চ্যানেল দেখার জন্য তার কাছে রিমোট চায়। কিন্তু জুঁই নাছোড়বান্দা। সে বিদেশি চ্যানেল দেখবেই। নানা মনোক্ষুণ্ণ হয়ে যাওয়ার আগে তাকে বাংলা অনুষ্ঠান দেখতে ও বাংলাভাষা চর্চা করতে বলেন এবং বিদেশি চ্যানেল দেখতে নিষেধ করেন।
দৃশ্যপট-২: পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হবার জন্য স্পেনের কাতালানরা একটি অস্থায়ী সরকার গঠন করে। তাদের সরকারের লক্ষ্য ছিল দেশের পক্ষে জনমত গঠন করে দেশকে স্বাধীন করা। শাসকরা তাদের সরকারকে অবৈধ ঘোষণা করে তাদের দেশদ্রোহী অপবাদ দেয়।
ক. অপারেশন সার্চলাইট কী? ১
খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে আন্তর্জাতিক সংস্থা জাতিসংঘের কী ভূমিকা ছিল? ২
গ. দৃশ্যপট-১: জুঁই-এর নানার মনোভাবের সাথে কোন আন্দোলনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২: কাতালানদের সাথে আমাদের কোন সরকারের মিল রয়েছে? তুমি কি মনে কর উক্ত সরকার দেশের স্বাধীনতাকে ত্বরান্বিত করেছিল? ৪

**২.▶** মুনুজান বেগমের বয়স এখন ষাটোর্ধ্ব এবং দীর্ঘকাল ধরে তিনি মানসিক ভারসাম্যহীন। ১৯৭১ সালের কলঙ্কিত সেই রাতে পাক হানাদার বাহিনীর অতর্কিত আক্রমণে দিশেহারা মুনুজানের স্বামী তাদের নিয়ে ঢাকা ছেড়ে পালাতে চেয়েছিলেন। কিন্তু শেষ রক্ষা হয়নি। সেই রাতেই হানাদার বাহিনীর গুলির আঘাতে প্রাণ হারান তার স্বামী তোরাব আলী ও দু'সন্তান।
ক. বাংলাদেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা কে? ১
খ. মুক্তিযুদ্ধে প্রবাসী বাঙালিদের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. যে রাতে তোরাব আলী নিহত হন সে রাতের বর্বরতাই মুনুজানের মানসিক ভারসাম্যহীনতার কারণ— ব্যাখ্যা কর। ৩
ঘ. তোরাব আলীর মতো নিরীহ মানুষদের হত্যার মাধ্যমে পাক বাহিনী যে পৈশাচিকতা দেখিয়েছে তার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

**৩.▶** ৭ এপ্রিল ১৯৭১। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে দিনটি স্মরণীয়। এদিন 'দৈনিক বাংলাদেশ' নামে একটি সংবাদপত্রের প্রকাশ ঘটে। স্থানীয় সুলেখা প্রেস থেকে ১/৮ ডিমাই সাইজের ৪ পৃষ্ঠার ৫০০ কপি পত্রিকা ছাপানো হয়। মূল্য ছিল ১০ পয়সা। পত্রিকাটির গ্রহণযোগ্যতা ছিল বর্ণনাতীত। স্বাধীন বালাদেশের এটিই প্রথম দৈনিক সংবাদপত্র। তথাপি, মুক্তিযুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী-সাহিত্যিক-বুদ্ধিজীবী, বিভিন্ন সংস্কৃতি কর্মীর অবদান ছিল খুবই প্রশংসনীয়।
ক. 'শিখা চিরন্তন' স্থাপিত হয় কত সালে? ১
খ. আইনগত কাঠামো আদেশে সংবিধানের মূলনীতি তুলে ধর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিযুদ্ধে মানুষকে উদ্বুদ্ধ করার ক্ষেত্রে শিল্পী-সাহিত্যিক বুদ্ধিজীবী, বিভিন্ন সংস্কৃতিকর্মীর অবদান ছিল খুব প্রশংসনীয়— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৪.▶** বিশিষ্ট সাংবাদিক শুভাষ সরকার মুক্তিযুদ্ধবিষয়ক এক সেমিনারে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে পার্শ্ববর্তী একটি দেশের সহায়তার কথা তুলে ধরেন। যে দেশের সরকার এবং জনগণ আমাদের দেশের লক্ষ লক্ষ শরণার্থীকে আশ্রয়, খাদ্য, বস্ত্র, চিকিৎসা মুক্তিযোদ্ধাদের অস্ত্রশস্ত্র এবং প্রশিক্ষণ দিয়ে সাহায্য করেছিল। এ প্রসঙ্গে কথা বলতে গিয়ে তিনি আরও বলেন, মুক্তিযুদ্ধে সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক রাষ্ট্রের ভূমিকা ছিল উল্লেখযোগ্য।
ক. জাতীয় পতাকার বৃত্তের লাল রং কীসের প্রতীক? ১
খ. বাংলাদেশের ইতিহাসে ২৫ মার্চ কালরাত নামে পরিচিত কেন? ২
গ. উদ্দীপকে সাংবাদিক শুভাষ সরকার বাংলাদেশের মুক্তিযুদ্ধে পার্শ্ববর্তী কোন দেশের সহায়তার কথা তুলে ধরেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিযুদ্ধে সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক রাষ্ট্রের ভূমিকা ছিল উল্লেখযোগ্য— সাংবাদিক কৈলাস সরকারের এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৫.▶** একটি আলোচনা সভায় মি. জামিল চৌধুরী বিগত সময়ে পাকিস্তানি আমলে বাংলাদেশের একটি নির্বাচনের কথা বলছিলেন। যে নির্বাচনে রাজনৈতিক দলগুলো পৃথকভাবে প্রার্থী মনোনীত করেছিল। ইয়াহিয়া খানের ঘোষণা অনুযায়ী পাকিস্তানের সুপ্রিম কোর্টের বিচারপতি আব্দুস সাত্তারের নেতৃত্বে একটি নির্বাচন কমিশনও গঠন করা হয়েছিল। বাঙালি জাতীয়তাবাদ ও স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের পেছনে এ নির্বাচনের গুরুত্ব ছিল অনেক।
ক. বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয় কত তারিখে? ১
খ. স্বাধীনতার ঘোষণার মূলকথা কী ছিল? ২
গ. মি. জামিল চৌধুরি তোমার পাঠ্যবইয়ের কোন নির্বাচনের ইঙ্গিত দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নির্বাচনের গুরুত্ব নিরূপণ কর। ৪

**৬.▶** নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| |
|---|
| ১৬৭টি আসন (জাতীয় পরিষদ) |
| ২৯৮টি আসন (প্রাদেশিক পরিষদ) |
| ৭৫.১০% ভোট (জাতীয় পরিষদ) |
| ৭০.৪৮% ভোট (প্রাদেশিক পরিষদ) |

ক. জাতীয় পতাকার ডিজাইনার কে? ১
খ. মুক্তিযুদ্ধের স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কী ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে স্বাধীনতা পূর্ব কোন নির্বাচনের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত নির্বাচনের গুরুত্ব উপস্থাপন কর। ৪

**৭.▶** শাহীন পত্রিকায় বিএসএফের হাতে নিহত ফেলানীর ছবি দেখে বিস্মিত হয়। শাহীনের দাদা বললেন যে, অথচ এই দেশটিই আমাদের স্বাধীনতা যুদ্ধে নানাভাবে সাহায্য করে আমাদের বিজয় ত্বরান্বিত করেছে।
ক. কখন পাকিস্তান বাহিনী আত্মসমর্পণ করে? ১
খ. জজ হ্যারিসনের পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে শাহীনের দাদা আমাদের স্বাধীনতা যুদ্ধের কোন ঘটনার প্রতি ইঙ্গিত করেছেন? নিরূপণ কর। ৩
ঘ. আমাদের মুক্তিযুদ্ধ বিজয়ে এরূপ আরও অনেক দেশ সহায়তা করেছে – কথাটি বিশ্লেষণ কর। ৪

**৮.▶** সৌরভ টিভিতে একটি নাটক দেখছে। নাটকে একটি ময়না পাখি 'তুই রাজাকার' বলছে। এ বিষয়ে সৌরভ তার বাবাকে জিজ্ঞেস করলে বাবা বললেন যে, আমাদের স্বাধীনতাযুদ্ধের সময় কতিপয় বাহিনী স্বাধীনতাবিরোধী অপতৎপরতা চালিয়েছে। তার মধ্যে একটি বাহিনীর নাম রাজাকার ছিল।
ক. বাংলাদেশ অস্থায়ী সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? ১
খ. স্বাধীনতাযুদ্ধের সময় হিন্দু সম্প্রদায় আক্রমণের শিকার হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লেখিত স্বাধীনতা বিরোধী বাহিনীটি সম্পর্কে পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত বাহিনীর অনুরূপ বাহিনীগুলোর অপতৎপরতা আমাদের স্বাধীনতাযুদ্ধকে দীর্ঘায়িত করেছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

**৯.▶** ২০১২ সালের জুনের শেষের দিকে পরাজয় আসন্ন দেখে দক্ষিণ সুদানের সেনারা নানা কূটকৌশলের আশ্রয় নেয়। তারা গৃহযুদ্ধকে আন্তর্জাতিক রূপ দেওয়ার চেষ্টা করে। এছাড়া যুদ্ধের শেষ পর্যায়ে উত্তর সুদানকে পঙ্গু করে দেওয়ার জন্য তারা ন্যাক্কারজনকভাবে সেখানকার বুদ্ধিজীবীদের হত্যা করে।
ক. 'অপরাজেয় বাংলা' নির্মাণ করেন কে? ১
খ. মুক্তিযুদ্ধে নারীদের অবদান ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লেখিত ন্যাক্কারজনক হত্যাকাণ্ডের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার সাদৃশ্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শ্রেণি ছাড়াও মুক্তিযুদ্ধে মুক্তিবাহিনী অসাধারণ কৃতিত্ব প্রদর্শন করেছিল— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১০.▶** কবি নির্মলেন্দু গুণ এক অনুষ্ঠানে বাংলাদেশের স্বাধীনতার ক্ষেত্রে বারোটি মাসের মধ্যে মার্চ মাসকে বিশেষ গুরুত্বপূর্ণ মাস হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে মার্চ মাস বহু কারণে বিশেষ ঐতিহাসিক গুরুত্ব বহন করে।
ক. মৌলিক গণতন্ত্রের প্রবর্তক কে? ১
খ. ১৯৭০ সালের নির্বাচন পরবর্তী সময়ে পূর্ব পাকিস্তানের সাধারণ মানুষ বিক্ষোভে ফেটে পড়ে কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মাসটির প্রথম সপ্তাহের গুরুত্বপূর্ণ দিনটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রকারান্তরে এই মাসের প্রথম থেকেই মুক্তি সংগ্রামের শুরু— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**১১.▶** মায়া টেলিভিশনে মুক্তিযুদ্ধের ওপর একটি সিনেমা দেখছিল। সিনেমার কাহিনিতে দেখা যায়, একটি দেশের যুদ্ধের সময় সেই দেশের কবি, সাহিত্যিকগণ কবিতা, নাটক, গান ইত্যাদি রচনা করে নিজ যোদ্ধাদের সাহস যোগাচ্ছেন।
ক. মুজিবনগর সরকারের উপরাষ্ট্রপতি কে ছিলেন? ১
খ. হানাদার বাহিনী কোন নীতি অনুসারে বাংলাদেশের সবকিছু ধ্বংস করতে চেয়েছিল? ব্যাখ্যা কর। ২
গ. মায়ার দেখা সিনেমার ঘটনাগুলো আমাদের স্বাধীনতা যুদ্ধের ক্ষেত্রে কতটুকু সত্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, আমাদের স্বাধীনতা যুদ্ধ এরূপ আরও অনেক শ্রেণির মানুষের ভূমিকার সম্মিলিত ফসল– বিশ্লেষণ কর। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |